

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩০৭. কারোর বিবাহে সাধুবাদ জানাতে গিয়ে অমুসলিমদের শেখানো শব্দে সাধুবাদ জানানো

'আকীল বিন্ আবী তালিব (রা.) থেকে বর্ণিত তিনি একদা বানী জুশাম গোত্রের জনৈকা মহিলাকে বিবাহ্ করলে কিছু লোক এসে তাঁকে بِالرِّفَاءِ وَالْبَنِيْنِ (তোমরা উভয়ে এক হয়ে মিলেমিশে থাকো) বলে ধন্যবাদ জানালে তিনি তাদেরকে উদ্দেশ্য করে বলেন:

لاَ تَقُولُوا هَكَذَا وَلَكِنْ قُولُوا كَمَا قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُمَّ بَارِكْ لَهُمْ وَبَارِكْ عَلَيْهِمْ

"তোমরা এমন কথা বলো না। বরং বলো যা একদা স্বয়ং রাসূল (সা.) বলেছেন। তিনি বলেছেন: ''আল্লাহুম্মা বা'রিক লাহুম ওয়া বা'রিক 'আলাইহিম'' যার অর্থ: হে আল্লাহ্! আপনি তাদের কল্যাণে এবং তাদের উপরই সরাসরি বরকত ঢেলে দিন''।[1]

আবু হুরাইরাহ্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী (সা.) যখন কাউকে বিয়ে-শাদির ব্যাপারে ধন্যবাদ দিতে চাইতেন তখন বলতেন:

باركَ اللهُ لَكُمْ وَبَارَكَ عَلَيْكُمْ وَجَمَعَ بَيْنَكُمَا فِي خَيْرٍ

''আল্লাহ্ তা'আলা তোমাদের কল্যাণে এবং তোমাদের উপরই সরাসরি বরকত ঢেলে দিন। উপরস্তু তোমাদেরকে কল্যাণের উপরই একত্রিত করুন''।[2]

ফুটনোট

- [1] (ইবনু মাজাহ্, হাদীস ১৯৩৩)
- [2] (ইবনু মাজাহ্, হাদীস ১৯৩২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11557

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন